পরম পবিত্রকারী। অতএব চিত্তশুদ্ধির জন্য স্বতন্ত্র্য প্রয়োগ করিবার কোনই প্রয়োজন নাই। ২॥২ অধ্যায়ে শ্রীশুকমুনি পরীক্ষিত মহারাজকে বলিয়াছেন। ২৭—৩০॥

এবং প্রাক্তনাধ্যায়াভ্যাং কর্ম্মযোগজ্ঞানেভ্যঃ শ্রেষ্ঠত্বমুক্ত্বা তদুত্তরাধ্যায়েঽপি সর্ব্ব-দেবতোপাসনেভ্যঃ শ্রেষ্ঠত্বপ্রবচনেন ভগবদ্ভক্তিযোগস্যৈবাভিধেয়ত্বমাহ—

"ব্রহ্মবর্চ্চসঃ কামস্তু যজেত ব্রহ্মণঃ পতিমিত্যাদ্যনন্তরং, অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ। তীব্রেন ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্॥ ৩১॥

এই প্রকারে পূর্ব্ব দুইটি অধ্যায়ে কর্ম্ম, যোগ ও জ্ঞান হইতে ভক্তির শ্রেষ্ঠত্ব বর্ণন করিয়া তাহার পরের অধ্যায়ে অর্থাৎ তৃতীয় অধ্যায়েও সর্ব্ব-দেবতা উপাসনা হইতে ভক্তিযোগের শ্রেষ্ঠত্ব বর্ণনদ্বারা ভগবদ্ভক্তিযোগেরই অভিধেয়ত্ব অর্থাৎ অবশ্য কর্ত্তব্যতা দেখান হইয়াছে। যাঁহারা ব্রাহ্মণসমুচিত তেজোলাভের জন্য ইচ্ছা করেন, তাঁহারা বেদপতি ব্রহ্মার উপাসনা করিবেন —ইত্যাদি নানা বাসনা স্ফুর্ত্তির জন্য নানা দেবতার উপাসনার বর্ণন করিয়া পরে একটি শ্লোকে শ্রীভগবদ্ভক্তিরই অবশ্য কর্ত্তব্যতা বর্ণন করিতেছেন। অকাম, সর্ব্বকাম অথবা মোক্ষকাম ব্যক্তি যদি উদারচিত্ত অর্থাৎ সুবুদ্ধি হয়েন, তাহা হইলে তীব্র ভক্তিযোগে পরমপুরুষ শ্রীহরিকেই উপাসনা করিবেন। ইতি—শ্লোকার্থ॥ ৩১॥

টীকা চ—অকাম একান্তভক্তঃ। উক্তানুক্তসর্ব্বকামো বা। পুরুষং পূর্ণং নিরূপাধিমিত্যেষা। তীব্রেণ দৃঢ়েণ স্বভাবতএবানুপঘাত্যেন ইতি বিদ্বানধকাশতোক্তা। কামনা তু যদৃচ্ছিকেনাপি স্যাৎ। যথোক্তম্ ভারতে—

ভক্তক্ষণঃ ক্ষণোবিষ্ণোঃ স্মৃতিঃ সেবা স্ববেশ্মনি।
স্বভোগ্যস্যার্পণং দানং ফলমিন্দ্রাদিদুর্লভম্॥

তদুক্তং শ্রীকর্দ্দমং প্রতি—

ন বৈজাতু মৃষৈবস্যাৎ প্রজাধ্যক্ষমদর্হণমিতি যথাবা—যত্তৎকামস্তীব্রেণ যজেত। ততশ্চ শুদ্ধাভক্তিসম্পাদনয়ায়ৈবান্তে পর্য্যবসিষ্যতাসাবিত্যভিপ্রায়েণ সবিশেষণমুপদিষ্টম্। তদনেনৈকান্তভক্তেষু মুমুক্ষৌ বা তদ্ভক্তিযোগস্যৈবাভিধেয়ত্বং কিং বক্তব্যমপিতু সর্ব্ব-কামেষ্বপীতি তদেব সর্ব্বথাপি নির্ণীতম্। কিঞ্চ, এতাবানেব যজতামিহ নিঃশ্রেয়-সোদয়ঃ। ভগবত্যচলোভাবো যদ্ভাগবতসঙ্গতঃ॥ ৩২॥

স্বামীপাদকৃত টীকার ব্যাখ্যা—"অকাম"—একান্ত ভক্ত। সর্ব্বকাম—যে সকল কামনার কথা উল্লেখ করা হইয়াছে এবং যে সকল কামনার কথা উল্লেখ করা হয় নাই—এমন কামনাবিশিষ্ট জনও, নিরুপাধিপুরুষ শ্রীভগবানকে উপাসনা করিবে। এই পর্য্যন্ত টীকার ব্যাখ্যা করা হইল। শ্লোকোক্ত